

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৬৫১

আগরতলা, ১১ আগষ্ট, ২০১৭

স্বাধীনতা দিবস : রাজ্যপালের শুভেচ্ছা

দেশের ৭১তম স্বাধীনতা দিবস উপলক্ষ্যে রাজ্যপাল তথাগত রায় রাজ্যবাসীর সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি শুভেচ্ছা বার্তায় বলেন, “ আমাদের দেশের ৭১তম স্বাধীনতা দিবসের ঐতিহাসিক মুহূর্তে আমি ত্রিপুরাবাসীকে আমার আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি। প্রায় ২০০ বছরের ব্রিটিশ শাসনের অবসান ঘটিয়ে লক্ষ শহীদের রক্তের বিনিময়ে আমাদের স্বাধীনতা। আজকের এই পূণ্য তিথিতে এই শুভ মুহূর্তে আমাদের সমস্ত বিবাদ ও বিভেদ ভুলে গিয়ে আমাদের সমস্ত পরিচিত ও অপরিচিত স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানাই।”

তিনি আরো বলেন, “ এই পবিত্র ও গৌরবময় জাতীয় দিবসে রাজ্যবাসীর সুখ, শান্তি, সমৃদ্ধ এবং ঐক্যবদ্ধ জীবন কামনা করি। রাজ্যে শান্তি শৃঙ্খলা বজায় রাখতে এবং এই মর্ষাদাকে উচুতে তুলে ধরার জন্য কেন্দ্রীয়, রাজ্য ও স্থানীয় সরকারী কর্মচারী, উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদ, পুলিশ, আধাসামরিক ও অসামরিক বাহিনী, জনপ্রতিনিধি ও সাধারণ জনগণকে ধন্যবাদ জানাচ্ছি।

আমি আশা করি স্বাধীনতা দিবস সারা রাজ্য এবং দেশে সফলভাবে উদযাপিত হবে। জয় হিন্দা।”

This document is a copyrighted product. To remove this message purchase the product at www.SmartPDFConverter.com